# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 11-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

(১) দেশের প্রথমসারির অর্থনীতিবিদদের সঙ্গে প্রধানমন্ত্রীর মত বিনিময়/ আসন্ন কেন্দ্রীয় বাজেট সম্পর্কে অর্থনীতিবিদদের পরামর্শ গ্রহণ/

(২) আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার রূপরেখা পরিবর্তন সম্পর্কে বিভিন্ন পক্ষ থেকে প্রতিক্রিয়া ব্যক্ত করায় বিষয়টি পুর্নবিবেচনা করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(৩) রাজ্যে বন্ধ হয়ে থাকা কোল্ড স্টোরেজগুলিকে পুনরুজ্জীবিত করা সহ নতুন কোল্ড স্টোরেজ নির্মাণের জন্যে আসাম সরকার গুরুত্ব আরোপ করেছে বলে কৃষিমন্ত্রী অতুল বরার প্রকাশ/

এবং

(৪) বরাক উপত্যকার তিনজেলার সাম্প্রতিক বন্যা পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন করতে রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া আজ শিলচরে/

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন , নীতি আয়োগের উপাধ্যক্ষ সুমন বেরি ,দেশের প্রথমসারির অর্থনীতিবিদ এবং বিভিন্ন ক্ষেত্রের বিশেষজ্ঞদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে শ্রী মোদী আসন্ন কেন্দ্রীয় বাজেট সম্পর্কে তাদের পরামর্শ গ্রহণ করেন ।বৈঠকে বেশ কয়েকজন বিশেষজ্ঞ সাধারণ শ্রেণীর লোকেদের জন্য কর রেহাই তথা মুদ্রাস্ফিতী নিয়ন্ত্রন করে দেশের অর্থনৈতিক বিকাশের হার দ্রুত করে তোলার পরামর্শ দেন । উল্লেখ্য ২০২৩-২৪ অর্থবছরে দেশের অর্থনৈতিক বিকাশের হার ছিল ৮ দশমিক ২ শতাংশ ।আগামী ২২ জুলাই সংসদের বাজেট অধিবেশন আরম্ভ হবে এবং ২৩ শে জুলাই অর্থমন্ত্রী নির্মলা সিতারমন ২০২৪-২৫ অর্থবছরের বাজেট উত্থাপন করবেন ।এটি নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের তৃতীয় কার্যকালের প্রথম বাজেট হবে ।এই বাজেট ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি বিকশিত দেশ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে দিক নির্দেশ করবে বলে আশা করা হচ্ছে ।

---

সুপ্রীম কোর্ট নীট-ইউ জি-২০২৪ এর মামলার শুনানি এমাসের ১৮ তারিখ পর্যন্ত স্থগিত রেখেছে । সুপ্রীম কোর্টের মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে গঠিত বেঞ্চ এই স্থগিতাদেশ মঞ্জুর করেছে । বেঞ্চ কেন্দ্রীয় সরকার এবং জাতীয় পরীক্ষণ সংস্থান - এন টি এ’র পক্ষ থেকে আদালতে জমা দেওয়া এফিডেভিটের জবাবে মামলাকারীদের পক্ষ থেকে এসংক্রান্ত উত্তর প্রদানের সুযোগ করে দিতে এই স্থগিতাদেশ জারী করেছে । উল্লেখ্য- সর্বোচ্চ আদালতের সম্প্রতি অনুষ্ঠিত নীট-ইউ জি-২০২৪এর মেডিকেল এন্ট্রান্স পরীক্ষা নিয়ে উদ্ভুত বিবাদের পরিপ্রেক্ষিতে আদালতে জমা দেওয়া বেশকয়েকটি আবেদনের শুনানি আজ গ্রহণ করার কথা ছিল । এই আবেদনগুলির মধ্যে গত পাঁচই মে অনুষ্ঠিত নীট পরীক্ষায় অনিয়ম এবং বেআইনী পদ্ধতি ব্যবহার সংক্রান্ত বিষয় উত্থাপন করা হয়েছিল । এদিকে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে গতকাল আদালতে জমা দেওয়া একটি অতিরিক্ত এফিডেভিটে সুপ্রীম কোর্টের সম্মতি সাপেক্ষে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে আই আই টি মাদ্রাসকে নীট-ইউ জি-২০২৪ এর ছাত্রছাত্রীদের ফলাফলের বিস্তারিত তথ্য

প্রস্তুত করতে বলা হয়েছিল বলে জানানো হয়েছে । এরআগে গত সোমবার সুপ্রীম কোর্ট বলেছে যে- নীট-ইউ জি-২০২৪, এই পরীক্ষার প্রতি জনসাধারণের ভাবনাকে প্রভাবিত করেছে ।

-------------------------------------------------------------------------------

আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার রূপরেখা পরিবর্তন করার বিষয়ে বিভিন্ন পক্ষের তরফ থেকে পাওয়া প্রতিক্রিয়ার পরিপ্রেক্ষিতে বিষয়টি পুর্নবিবেচনা করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে প্রকাশ করেছেন । মুখ্যমন্ত্রী বলেছেন যে- বিষয়টি পুর্নবিবেচনা করে এই সম্পর্কে শীঘ্রই সিদ্ধান্ত গ্রহণ করা হবে ।

-------------------------------------------------------------------------------

রাজ্যে বন্ধ হয়ে থাকা কোল্ড স্টোরেজগুলিকে পুনরুজ্জীবিত করার পাশাপাশি নতুন কোল্ড স্টোরেজ নির্মাণের জন্য রাজ্যসরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছে বলে কৃষিমন্ত্রী অতুল বরা জানিয়েছেন । এই সম্পর্কে দিসপুরে অনুষ্ঠিত এক বৈঠকে রাজ্যের কৃষি উৎপাদন আয়ুক্ত তথা কৃষি বিভাগের আয়ুক্ত সচিব অরুণা রাজোরিয়া, সচিব তেজপ্রসাদ ভূষাল সহ সংশ্লিষ্ট বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে মন্ত্রী শ্রী বরা কোল্ড স্টোরেজ সমূহের বর্তমান পরিস্থিতি সম্পর্কে আলোচনা করেছেন । তিনি বলেন যে- সহজে নষ্ট হতে পারে, এমন সব খাদ্যসামগ্রীর মেয়াদ বৃদ্ধি এবং এসবের গুণগতমান অক্ষুণ্ন রাখা, নষ্ট হওয়ার পরিমাণ হ্রাস করা, পরিবহণের ব্যয় হ্রাস করা ইত্যাদি ক্ষেত্রে কোল্ড স্টোরেজ ব্যবস্থা কৃষক ও ব্যবসায়ীদের উপকৃত করবে ।

-------------------------------------------------------------------------------

রাজ্যসরকারের মাতৃ-পিতৃ বন্দনা কার্যসূচী অনুসারে সরকারী আধিকারিক-কর্মচারীদের পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ির সঙ্গে সময় কাটানোর জন্য বিশেষ নৈমিত্তিক ছুটি ঘোষণা করা হয়েছে । এই অনুসারে চলতি বছরের ছয় থেকে আট নভেম্বর এই ছুটি প্রদান করা হবে । সরকারী আধিকারিক-কর্মচারীরা নয় নভেম্বর দ্বিতীয় শনিবার এবং দশই নভেম্বর রবিবারের বন্ধ পাবেন । অত্যাবশ্যকীয় সেবার সঙ্গে জড়িত আধিকারিক কর্মচারীরা পর্যায়ক্রমে এই বিশেষ ছুটির সুবিধা লাভ করবেন । এদিকে রাজ্যসরকারের আধিকারিক-

কর্মচারীরা পিতা-মাতা ও শ্বশুর শাশুড়ির সঙ্গে সময় না কাটিয়ে ব্যক্তিগত অবসর বিনোদন বা অন্য কোনো সময়ে এই ছুটির সুবিধা লাভ করতে পারবেন না বলে সামাজিক মাধ্যম যোগে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

উদ্যান শষ্য ক্ষেত্রে শ্রেষ্ঠ রাজ্য হিসেবে নাগালেন্ডকে প্রতিষ্ঠিত কৃষি নেতৃত্ব পুরস্কার ২০২৪ প্রদান করা হয়েছে ।উদ্যান শষ্যের উন্নয়নের জন্য উদ্ভাবনীমূলক কার্যসূচী এবং নীতি প্রবর্তনের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য রাজ্যটিকে এই পুরস্কারের জন্য বাছাই করা হয়েছে ।নাগালেন্ডে এধরণের কার্যসূচী এবং নীতির ফলে বহু কৃষক ও গ্রামাঞ্চলের জনসাধারণের জীবনে ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হয়েছে । নাগালেন্ডের মহিলা সম্পদ উন্নয়ন মন্ত্রী সলহ টুঅনুঅ ক্রুসে গতকাল নতুনদিল্লীতে আয়োজিত পঞ্চদশ কৃষি নেতৃত্ব সম্মেলনে এই পুরস্কার গ্রহণ করেন ।সম্মেলনে কেন্দ্রীয় পথ পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রী নীতিন গাড়কারী এবং কৃষি তথা কৃষক কল্যান মন্ত্রী শিবরাজ সিং চৌহান উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যের বন্যা পরিস্থিতি ক্রমশ উন্নত হচ্ছে , নদী উপনদীগুলোর জলস্তর ও হ্রাস পাচ্ছে তবে এখনো ২৭ টি জেলার ১৪ লক্ষেরও বেশী লোক বন্যার কবলে রয়েছেন ।আসাম রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রকাশিত তথ্য অনুযায়ি এখনো ৮৬ টি রাজস্ব চক্রের ২ হাজার ৫০০ ’র বেশী গ্রাম বন্যার জলে প্লাবিত রয়েছে ।৩৯ হাজার হেক্টরেরও বেশী কৃষিজমি বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে ।গত ২৪ ঘন্টায় ৪ জনের মৃত্যু হওয়ায় এবারের বন্যায় রাজ্যে মৃতের সংখ্যা বেড়ে ৮৩ হয়েছে ।রাজ্য সরকার ২০৯ টি আশ্রয় শিবির এবং এবং ১৫৬ টি সাহায্য বিতরণ কেন্দ্র স্থাপন করেছে ।এন ডি আর এফ , এস ডি আর এফ ,অগ্নি নির্বাপক বাহিনী সহ উদ্ধারকারী দলগুলি উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নির্দেশে বরাক উপত্যকার বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্যের জনস্বাস্থ্য কারিগড়ি মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া তিনদিনের সফরে আজ শিলচরে উপস্থিত হয়েছেন ।আজ দুপুরে কুম্ভিগ্রাম বিমানবন্দরে অবতরণ করার পর মন্ত্রী শিলচরের বিভিন্ন আশ্রয় শিবির পরিদর্শন করে বানভাসি মানুষের সঙ্গে আলোচনা করে তাদের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন। এরপর তিনি শিলচর মালিনি বিলের হিরণপ্রভা দেব শিশুমন্দিরে পৌছে বন্যাক্রান্তদের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করেন ।মন্ত্রী শ্রী মল্লবরুয়া জেলা আয়ুক্ত কার্যালয়ে বিভিন্ন বিভাগের সঙ্গে এক জরুরী বৈঠকে অংশগ্রহণ করে বন্যায় ক্ষয়ক্ষতির পরিমান সম্পর্কে পর্যালোচনা করা সহ অন্যান্য বিষয়েও খোজখবর নেন ।পরে তিনি সাংবাদিকদের জানান যে আগামী কাল ও পরশু তিনি করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার বন্যা পরিস্থিতি খতিয়ে দেখবেন ।এবং বন্যায় ক্ষতিগ্রস্থ তিন জেলার সামগ্রিক পর্যালোচনা করে আগামীতে নদী বাঁধ সংস্কার , পশু খাদ্য বিতরণ , বাসগৃহ , আসবাবাবপত্রের ক্ষতিপূরণ প্রদান সহ বানভাসি মানুষের সহায়তায় সরকারীভাবে আরও ত্রাণ সামগ্রী প্রদান করার বিষয়ে সরকারের সঙ্গে আলোচনা করবেন ।এছাড়া বন্যা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর বিভিন্ন রোগ নিয়ন্ত্রনে আগাম প্রস্তুতি গ্রহণ করা সহ প্রয়োজনীয় ওষুধপত্র প্রদান করার বিষয়ে চিন্তাভাবনা করার কথা জানান তিনি ।

---

রাজ্যের জল সম্পদ বিভাগ সূত্রে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ সন্ধ্যা সাতটায় শিলচর অন্নপূর্নাঘাটে বরাক নদী বিপদসীমার ৭৫ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে । এখানে জল আজ বিকেল পাঁচটা থেকে কমছে বলে জানানো হয়েছে ।

---

রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া আগামীকাল করিমগঞ্জ জেলা সফরে আসছেন । আগামীকাল দুপুরে তিনি করিমগঞ্জ পৌছে করিমগঞ্জ শহরের ত্রাণ শিবিরগুলি পরিদর্শন করবেন ।এরপর বেলা ২ টো ৪৫ মিনিটে তিনি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে বন্যার ক্ষয়ক্ষতি নিয়ে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন ।

---

আজ বিশ্ব জনসংখ্যা দিবস ।জনসংখ্যা বৃদ্ধির ফলে সৃষ্টি হওয়া প্রত্যাহ্বানসমুহকে প্রতিফলিত করে বহনক্ষম ভবিষ্যতের জন্য কাজ করা এবং জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে জড়িত বিষয়গুলোর সঙ্গে মোকাবিলা করার জন্য প্রতিবছর এই দিবস পালন করা হয় । রাষ্ট্রসঙ্ঘের সাধারণ সভার গ্রহণ করা প্রস্তাব অনুযায়ি ১৯৯০ সালের ১১ ই জুলাই ৯০ টিরও বেশী দেশে প্রথমবারের জন্য বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয়েছিল ।এবছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে ‘ কাউকে বাদ না দিয়ে সবাইকে গণনা করা ’।

---

করিমগঞ্জের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের উদ্যোগে আজ করিমগঞ্জ সিভিল হাসপাতালে বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে আজ একটি সচেতনতা র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করে । জেলার যুগ্ম-সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং পতাকা নেড়ে এই র‍্যালীর সূচনা করেন । এছাড়া বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষ্যে বিশ্ববানী সেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে পথনাটিকা উপস্থাপন করা হয়েছে । পরে সিভিল হাসপাতালের সম্মেলন কক্ষে অতিরিক্ত আয়ুক্ত মির্নাভা দেবী আরামবামের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় সহকারী আয়ুক্ত রংবামন টেরং ,মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর মতিন্দ্র সূত্রধর প্রমূখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগেও আজ বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালকের কার্য্যলয়ে আয়োজিত এক অনুষ্ঠানে অতিরিক্ত আয়ুক্ত লালরহলু খেংতে সারথি ভ্যানের উদ্বোধন করেন । এছাড়া আজ রিজমা বেগম লস্কর ও স্বপ্না বেগম চৌধুরী নামের দু জন আশা কর্মীকে সংবর্ধনা জানানো হয়েছে ।

এদিকে ডিমা হাসা ও জেলা প্রসাসনের পক্ষ থেকেও আজ বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয়েছে । জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর দোলেশ্বর গগৈর পৌরহিত্যে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ পুলিশ পার্শ্ববর্তী রাজ্য থেকে আসা একটি বাহন থেকে একলক্ষ নেশাযুক্ত ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । এই ঘটনায় জড়িত সন্দেহে দুজন লোককে গ্রেপ্তার করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই সাফল্যের জন্যে আসাম পুলিশকে অভিনন্দন জানিয়েছেন । এদিকে লক্ষীমপুর জেলার হারমতিতে পুলিশ বৃহৎ পরিমাণ মাদকদ্রব্য জব্দ করেছে । এই ঘটনায় পুলিশ একজনকে আটক করেছে । ধৃত ব্যক্তির কাছ থেকে ৪৮টি টিনে ভরে রাখা মাদকদ্রব্য এবং ৪৮ হাজারেরও বেশি টাকা জব্দ করেছে । এছাড়া গোলাঘাট জেলার সরুপাথার থেকে এককোটি টাকারও বেশি মূল্যের মাদকদ্রব্য বাজেয়াপ্ত করা সহ একজনকে আটক করে তদন্ত চালানো হচ্ছে ।

---------------------------------------------------------------------------